গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৭.০১১.১৫.৪৬০

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরার্শক্রমে চুয়াডাঙ্গা জজশীপের সাবেক সহকারী জজ বর্তমানে ভোলা জজশীপের চরফ্যাশন চৌকি আদালতের সহকারী জজ জনাব সরদার সাজ্জাদুর রহমান এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০৩/২০১৫ নং রুজু করা হয়; এবং

যেহেতু জনাব সরদার সাজ্জাদুর রহমান এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হয় নাই;

সেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে চুয়াডাঙ্গা জজশীপের সাবেক সহকারী জজ বর্তমানে ভোলা জজশীপের চরফ্যাশন চৌকি আদালতের সহকারী জজ জনাব সরদার সাজ্জাদুর রহমান-কে বিভাগীয় মোকদ্দমা নং ০৩/২০১৫ এর আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/
(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং-১০.০০.০০০০.১২৫.২৭.০১১.১৫.৪৬০/১(১০)

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা জজ, চুয়াডাঙ্গা/ভোলা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। গার্ড ফাইল।
৯। অফিস কপি।
১০। জনাব সরদার সাজ্জাদুর রহমান, সহকারী জজ, চরফ্যাশন, ভোলা।

২২/০৬/১৭
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১ (অঃ)।